

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
পার-২ অধিশাখা।
www.mohfw.gov.bd

নং-৪৫.১৪৩.০১১.০০.০০.০০৪.২০১২-১৩৬২

তারিখঃ ২২.১০.২০১৩ খ্রিঃ

বিষয়ঃ ৩২তম বিসিএস পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের কর্মকর্তাদের পদায়ন প্রসঙ্গে।

৩২তম বিসিএস পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারে নিয়োগপ্রাপ্ত ৫৪০ (পাঁচশত চল্লিশ) জন সহকারী সার্জন এবং ৬৫ (পঁয়ষট্টি) জন সহকারী ডেন্টাল সার্জনকে আগামী ৩০ অক্টোবর, ২০১৩ তারিখে পূর্বাঙ্কে চাকুরীতে যোগদান করতে হবে মর্মে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন পাওয়া গিয়েছে।

০২। নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের যোগদান পত্র গ্রহণকরতঃ যোগদানকৃত কর্মকর্তাগণকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পার-২ অধিশাখা হতে ০৯/১১/২০১০ খ্রিঃ তারিখের ৪৫.১৪৩.০১১.০০.০০১.২০১০-৭৩২ নং স্মারকে সংশোধিত পদায়ন নীতিমালা, ২০১০ অনুসারে নিম্নোক্ত বিভাগ অনুযায়ী শূন্য পদের বিপরীতে নিচে উল্লিখিত সংখ্যক কর্মকর্তাকে পদায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হলোঃ

(ক) সহকারী সার্জনঃ

ক্রমিক নং	বিভাগের নাম	৩২তম বিসিএস এর মধ্য হতে প্রস্তাবিত পদায়নের সংখ্যা
১.	ঢাকা	৩০
২.	খুলনা	৬০
৩.	রাজশাহী	১০০
৪.	বরিশাল	১০৫
৫.	রংপুর	১২৫
৬.	সিলেট	৬৫
৭.	চট্টগ্রাম	৫৫


মোট= ৫৪০

(খ) সহকারী ডেন্টাল সার্জনঃ

ক্রমিক নং	বিভাগের নাম	৩২তম বিসিএস এর মধ্য হতে প্রস্তাবিত পদায়নের সংখ্যা
১.	ঢাকা	৫
২.	খুলনা	৮
৩.	রাজশাহী	৮
৪.	বরিশাল	১২
৫.	রংপুর	১৭
৬.	সিলেট	১০
৭.	চট্টগ্রাম	৫

মোট= ৬৫

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য



৩। যোগদানকৃত কর্মকর্তাদের পদায়নের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়াদি অনুসরণ করতে হবেঃ

(ক) চট্টগ্রাম বিভাগের তিন পার্বত্য জেলাসহ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বর্ণিত দুর্গম উপজেলাসমূহে বিদ্যমান শূন্য পদসমূহ অগ্রাধিকার ভিত্তিতে পূরণ করতে হবে। উক্ত এলাকায় পদায়নকৃত কর্মকর্তাগণ পদায়নের ১ বছরের মধ্যে স্বয়ংক্রিয়ভাবে অবমুক্ত হয়ে স্ব স্ব বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর দপ্তরে ন্যস্ত হবেন। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) উক্ত কর্মকর্তাদের নিকট থেকে ৩টি পছন্দক্রম নিয়ে সে অনুযায়ী তাদেরকে পদায়ন করবেন এবং উক্ত এলাকাসমূহে নতুনভাবে চিকিৎসক পদায়ন নিশ্চিত করবেন।

(খ) এডহক নিয়োজিত চিকিৎসক এই নিয়োগের মধ্যে অন্তর্ভুক্ত থাকলে তাঁরা তাঁদের বর্তমান কর্মস্থলে পদস্থ থাকবেন।

(গ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পূর্বানুমতি ব্যতীত নবনিয়োগকৃত কর্মকর্তাদের পদায়নের ২ (দুই) বছরের পূর্বে প্রত্যাহার করা যাবে না।

(ঘ) স্বামী-স্ত্রী উভয়ে সরকারি চিকিৎসক হলে তাদেরকে একই কর্মস্থলে পদায়নের জন্য বিবেচনা করতে হবে।

(ঙ) নবনিয়োগকৃত কর্মকর্তাগণের জন্য ঢাকায় এক দিনের ওরিয়েন্টেশনের আয়োজন করতে মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরকে অনুরোধ করা হলো।


স্বাঃ/-
(এম এম নিয়াজউদ্দিন)
সচিব

নং-৪৫.১৪৩.০১১.০০.০০.০০৪.২০১২-১৩৬২

তারিখঃ ২২.১০.২০১৩ খ্রিঃ

উল্লিখিত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ৫৪০ (পাঁচশত চল্লিশ) জন সহকারী সার্জন এবং ৬৫ (পঁয়ষট্টি) জন সহকারী ডেন্টাল সার্জন কর্মকর্তার সংশ্লিষ্ট কাগজপত্র এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ নিয়োগ প্রজ্ঞাপন ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি।


(মোঃ হুমায়ুন কবীর)
উপসচিব (পার-২)
ফোনঃ ৯৫৪০৪৪৮

dsper2@mohfw.gov.bd

মহাপরিচালক

স্বাস্থ্য অধিদপ্তর,

মহাখালী, ঢাকা।

(দৃ: আ: পরিচালক, প্রশাসন)।

অবগতি ও কার্যার্থেঃ

- ১। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা / চট্টগ্রাম / রাজশাহী / খুলনা / সিলেট / বরিশাল / রংপুর।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। যুগ্মসচিব (পার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।